

# বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

সাধারণ বীমা টাওয়ার (৯ম তলা)

৩৭/এ, দিলকুশা বা/এ, ঢাকা।

www.idra.org.bd

স্মারক নং ৫৩.০৩.০০০০.০০৯.১১.২০.২০২৪

তারিখ : ২২/১০/২০২৪ খ্রি.

## একচ্যুয়ারিয়াল পরামর্শক নিয়োগের বিজ্ঞপ্তি

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে নিয়োগ প্রদানের নিমিত্ত ০১ (এক) জন একচ্যুয়ারিয়াল পরামর্শক চুক্তিভিত্তিক নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্রমিক	পদের নাম	সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	একচ্যুয়ারিয়াল পরামর্শক	০১	<p>(ক) দরখাস্তকারীকে অবশ্যই কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অনূন্য দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি থাকতে হবে।</p> <p>(খ) আবেদনের তারিখে আবেদনকারীর বয়স কমপক্ষে ৪০(চল্লিশ) বৎসর হতে হবে।</p> <p>(গ) তাঁকে নিম্নোক্ত যে কোন ১(এক)টি একচ্যুয়ারিয়াল সোসাইটির ফেলো হতে হবে:</p> <p>(i) ইন্সটিটিউট এ্যান্ড ফ্যাকাল্টি অব একচ্যুয়ারিজ, স্কটল্যান্ড;</p> <p>(ii) সোসাইটি অব একচ্যুয়ারিজ, যুক্তরাষ্ট্র;</p> <p>(iii) একচ্যুয়ারিজ ইন্সটিটিউট, অস্ট্রেলিয়া;</p> <p>(iv) ইন্সটিটিউট অব একচ্যুয়ারিজ অব ইন্ডিয়া;</p> <p>(v) ইন্টারন্যাশনাল একচ্যুয়ারিয়াল এসোসিয়েশন (আইএএ) এর পূর্ণ সদস্যভুক্ত পেশাগত একচ্যুয়ারিয়াল সংস্থার ফেলো।</p> <p>(ঘ) তাঁর সংশ্লিষ্ট একচ্যুয়ারিয়াল বিষয়ে অনূন্য ০৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।</p>

### শর্তাবলী :

- (ক) একচ্যুয়ারিয়াল পরামর্শক, একচ্যুয়ারিয়াল বিষয়ে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষকে পরামর্শ বা মতামত প্রদান করবেন।
- (খ) তিনি কর্তৃপক্ষের Capacity Building এ প্রয়োজনীয় সহায়তা করবেন।
- (গ) আলোচনা সাপেক্ষে কর্তৃপক্ষের নির্ধারিত হারে সম্মানী (সরকারী ভ্যাট ও ট্যাক্স ব্যতীত) প্রাপ্য হবেন।
- (ঘ) দরখাস্তকারীকে যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ/প্রত্যয়ন দাখিল করতে হবে।
- (ঙ) পরামর্শক (একচ্যুয়ারিয়াল) নিয়োগের মেয়াদ প্রাথমিকভাবে ৩০শে জুন, ২০২৫ পর্যন্ত নির্ধারিত হবে। তবে নিয়োগকৃত একচ্যুয়ারির কার্যক্রম সমাপ্ত হলে তা নবায়ন করা যেতে পারে।

দরখাস্তকারীকে সাদা কাগজে নিম্ন বর্ণিত তথ্য ও চাহিদা প্রতিপালন পূর্বক আবেদন করতে হবে।

- ০১। (ক) নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) শিক্ষাগত যোগ্যতার পূর্ণ বিবরণ (জ) অভিজ্ঞতা (ঝ) নাগরিকত্ব সনদ/জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।
- ০২। 'চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ' বরাবর দরখাস্ত আগামী ০৪/১১/২০২৪ তারিখের মধ্যে ডাকযোগে/ সরাসরি অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে পৌছাতে হবে। উক্ত তারিখের পর কোন দরখাস্ত গ্রহণ করা হবে না।
- ০৩। দরখাস্তের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি ছবি (রঙিন), শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।
- ০৪। প্রত্যেক আবেদনকারীকে আবেদনের সাথে 'বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ' এর অনুকূলে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের পে-অর্ডার/ ড্রাফট (অফেরতযোগ্য) দাখিল করতে হবে।
- ০৫। একচ্যুয়ারিয়াল পরামর্শক নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষ যে কোন শর্ত সংশোধন/ সংযোজন/বিয়োজন/ পরিমার্জন করার ক্ষমতা সংরক্ষণ করে।

পরিচালক (প্রশাসন)

ফোন : ৪১০৫১৩৮৭

ই-মেইল : directoradmin@idra.org.bd